দৈনিক
ইত্তেফাক

তারিখ 19 NOV 2016
পৃষ্ঠা ২, ২০ কলাম ৪

এসএসসির ফরম পূরণ

# বাড়তি অর্থ ফেরত দিয়েছে চট্টগ্রামের কয়েকটি স্কুল

■ চট্টগ্রাম অফিস

শিক্ষা মন্ত্রণালয়ের কঠোর নির্দেশনা, জেলা প্রশাসকের হুঁশিয়ারি এবং ছাত্রলীগের আন্দোলনের প্রেক্ষিতে চট্টগ্রাম মহানগরের মাধ্যমিক বিদ্যালয়গুলোতে এসএসসির ফরম পূরণে নেওয়া অতিরিক্ত অর্থ ফেরত দিতে শুরু করেছে কিছু প্রতিষ্ঠান। তবে অনেক প্রতিষ্ঠান এখনো অতিরিক্ত অর্থ ফেরত না দেওয়ায় আন্দোলন অব্যাহত রেখেছে ছাত্রলীগ।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, গত বৃহস্পতিবার পর্যন্ত নগরীর মোহরা কলেজিয়েট স্কুল, জামান আনোয়ার ইনস্টিটিউট ও বন গবেষণাগার উচ্চ বিদ্যালয় পরীক্ষার্থীদের অতিরিক্ত অর্থ ফেরত দিয়ে বোর্ড নির্ধারিত ফি নিয়ে ফরম পূরণ শুরু করেছে। তবে হলি চাইল্ড স্কুল এন্ড কলেজসহ বেশকিছু বিদ্যালয় এখনো পর্যন্ত অতিরিক্ত অর্থ ফেরত না দেওয়ার অবস্থানে অনড় রয়েছে।

জানতে চাইলে চট্টগ্রাম জেলা প্রশাসক মো. সামশুল আরেফিন ইত্তেফাককে বলেন, 'আশা করছি সবগুলো বিদ্যালয় পৃষ্ঠা ২ কলাম ৪

## বাড়তি অর্থ ফেরত

২০ পৃষ্ঠার পর

পর্যায়ক্রমে অতিরিক্ত অর্থ ফেরত দিবে। অন্যথায় মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক কঠোর ব্যবস্থা নেওয়া হবে।'

এদিকে যে সব বিদ্যালয় এখনো অতিরিক্ত অর্থ ফেরত দেয়নি তাদের বিরুদ্ধে নগর ছাত্রলীগের পাশাপাশি থানা-ওয়ার্ড পর্যায়ের ছাত্রলীগও আন্দোলনে নামছে। বৃহস্পতিবার পতেঙ্গা থানা ও পাঁচলাইশ ওয়ার্ড ছাত্রলীগ অতিরিক্ত ফি ফেরত দেওয়ার দাবিতে পৃথক সমাবেশ করেছে। নগর ছাত্রলীগের সাধারণ সম্পাদক নূরুল আজিম রনি ইত্তেফাককে বলেন, 'যতক্ষণ পর্যন্ত সবগুলো প্রতিষ্ঠান শিক্ষার্থীদের কাছ থেকে আদায়কৃত অতিরিক্ত অর্থ ফেরত দিবে না ততোক্ষণ আন্দোলন চলবে।'

প্রসঙ্গত, এবারের এসএসসি পরীক্ষার ফরম পূরণে বোর্ড নির্ধারিত ফি'র দুই থেকে পাঁচগুণ পর্যন্ত বাড়তি ফি আদায়ের অভিযোগ উঠছে বন্দরনগরীর শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে। বিষয়টি নিয়ে শুরু থেকে প্রতিবাদ জানিয়ে মাঠে নেমেছে ছাত্রলীগ। গত মঙ্গলবার রাতে বাড়তি ফি আদায় করলে কঠোর ব্যবস্থা নেওয়ার হুঁশিয়ারি দেন চট্টগ্রাম জেলা প্রশাসক। একই রাতে শিক্ষা মন্ত্রণালয়ও গণমাধ্যমে এ ব্যাপারে কঠোর নির্দেশনা দিয়ে বিজ্ঞপ্তি দিয়েছে।

শিক্ষাবোর্ড সূত্র জানায়, এবার এসএসসি পরীক্ষায় মানবিক ও ব্যবসায় শিক্ষায় কেন্দ্র ফি'সহ নিয়মিত ফি ১ হাজার ৬৯৫ ও অনিয়মিত ফি ১ হাজার ৭৯৫ টাকা। বিজ্ঞানে নিয়মিত কেন্দ্র ফি'সহ ১ হাজার ৭৮৫ টাকা ও অনিয়মিত ১ হাজার ৮৮৫ টাকা।